মেহেরপুরে ইসলামী ছাত্র শিবিরের ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

বর্ণাঢ্য আয়োজনে বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে এক জমকালো র্যালি ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বাদ আসর কোর্ট মোড় এলাকা থেকে শুরু হওয়া বর্ণাঢ্য র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কলেজ মোড়ে এসে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়। র্যালিতে শিবিরের নেতাকর্মীদের পাশাপাশি বিপুল সংখ্যক সাধারণ ছাত্র ও যুবক অংশগ্রহণ করেন, যা পুরো এলাকায় উৎসবমুখর পরিবেশ সৃষ্টি করে।

সমাবেশে বক্তারা বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের প্রতিষ্ঠার ঐতিহাসিক গুরুত্ব, সংগঠনের আদর্শিক লড়াই-সংগ্রাম এবং দেশের ছাত্রসমাজের মধ্যে ইসলামী মূল্যবোধ প্রতিষ্ঠার অঙ্গীকার তুলে ধরেন। তারা বলেন, বিগত সময়ের নির্যাতন ও নিপীড়ন সত্ত্বেও শিবিরের নেতাকর্মীরা অটুট দৃঢ়তা ও ত্যাগের মাধ্যমে সংগঠনকে আরও শক্তিশালী ও জনপ্রিয় করে তুলেছে। বক্তারা দেশের যুবসমাজকে ইসলামী আদর্শে উজ্জীবিত হয়ে দেশগঠনে সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানান।

র্যালি ও সমাবেশে উপস্থিত ছিলেন, মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী তাজউদ্দীন খান। এছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা শিবিরের সভাপতি আব্দুস সালাম, সেক্রেটারি সাইদুর ইসলাম, সাবেক সভাপতি সোহেল রানা ডলার, ইকবাল হুসাইন, শাকিল হোসেন সাব্বির, আবু সাঈদ সম্রাট, মেহেদী হাসান, সাখাওয়াত হোসেন, শহর সভাপতি আবু রায়হান, সেক্রেটারি হাসানুজ্জামান, গাংনী শিবির সভাপতি শিহাব ইসলাম, সেক্রেটারি আল জাবির মুজিব সভাপতি শিশির ইমরান, সেক্রেটারি রাসেল মাহমুদ, সদর পূর্ব সভাপতি আলমগীর হোসেন, সদর পশ্চিম সভাপতি হাবিবুর রহমান, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রশিবির সভাপতি কামরুল ইসলাম নাহিদসহ সংগঠনের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ।

এই কর্মসূচির মাধ্যমে মেহেরপুর জেলা শিবিরের নেতৃত্ব তাদের সাংগঠনিক শক্তি ও জনপ্রিয়তার প্রতিফলন ঘটিয়েছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। নেতারা জানান, আগামী দিনগুলোতে আরও ব্যাপক

কর্মসূচির মাধ্যমে ছাত্রসমাজকে ইসলামী আদর্শে উদ্বুদ্ধ করার কার্যক্রম অব্যাহত থাকবে।

মেহেরপুরের ছাত্র শিবিরের নতুন সভাপতি সালাম, সেক্রেটারি সাইদুর

ইসলামী ছাত্র শিবির সারাদেশে ষান্মাসিক সেশনের পরিপ্রেক্ষিতে বিভিন্ন স্থানে নতুন কমিটি ঘোষণা করছে।

সেই ধারাবাহিকতায় আজ শুক্রবার বেলা ১১টায় মেহেরপুর জেলা কার্যালয়ে এক জরুরি সদস্য সমাবেশ অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সদ্য বিদায়ী জেলা সভাপতি মু. সাখাওয়াত হোসেন।

২০২৫ সালের চলমান (ষান্মাসিক) সাংগঠনিক সেশনের বাকি সময়ের জন্য মেহেরপুর জেলা শাখার নতুন কমিটি ঘোষণা করা হয়। এতে সভাপতি হিসেবে দায়িত্ব পান আব্দুস সালাম (সাবেক সেক্রেটারি) এবং সেক্রেটারি হিসেবে মনোনীত হন মু. সাইদুর ইসলাম (সাবেক অফিস সম্পাদক)।

কেন্দ্রীয় সভাপতির প্রতিনিধি হিসেবে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইসলামী ছাত্র শিবিরের কেন্দ্রীয় কার্যকরী পরিষদের সদস্য ও কেন্দ্রীয় ব্যবসায় শিক্ষা সম্পাদক মু. গোলাম জাকারিয়া। তিনি কেন্দ্রীয় সিদ্ধান্তের আলোকে আব্দুস সালামকে সভাপতি হিসেবে নাম ঘোষণা করেন এবং তাঁকে সাংবিধানিক শপথ পাঠ করান। পরে নবনির্বাচিত সভাপতির পরামর্শক্রমে মো. সাইদুর ইসলামকে সেক্রেটারি হিসেবে মনোনয়ন দেওয়া হয়।

সমাবেশে আরও উপস্থিত ছিলেন, সাবেক জেলা সভাপতি সোহেল রানা ডলার, ইকবাল হোসাইনসহ অন্যান্য জেলা নেতৃবৃন্দ। অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী ও জেলা জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন খান।

অনুষ্ঠান শেষে অতিথির বক্তব্য, দোয়া ও মুনাজাতের মাধ্যমে সমাবেশের সমাপ্তি ঘোষণা করা হয়।

মেহেরপুর জেলা ছাত্র শিবিরের সাবেক সভাপতি সাব্বির আটক

মেহেরপুর শহরের শেখ পাড়ায় অভিযান চালিয়ে জামায়াতের অঙ্গ সংগঠন শ্রমিক কল্যাণ ফেডারেশনের জেলা সেক্রেটারী ও জেলা ছাত্র শিবিরের সাবেক সভাপতি শাকিল হোসেন সাব্বির (৩২) কে আটক করেছে সদর থানা পুলিশ।

রবিবার বিকাল ৪টার দিকে সদর থানার ওসি তদন্ত) শেখ মইনুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি টিম এ অভিযান পরিচালনা করেন। এসময় এসআই মোঃ তৌহিদুল ইসলাম, এএসআই মোঃ শাকিল খান, এএসআই মোঃ শাহ জামাল অভিযানে অংশ নেন। আটক শাকিল হোসেন সাব্বির শেখপাড়ার খন্দকার আফসারুল হকের ছেলে।

ওসি তদন্ত শেখ মইনুল ইসলাম জানান, আটক সাব্বিরের বিরুদ্ধে একাধিক নাশকতার মামলা রয়েছে। তাকে ২০২২ সালেল ১৪ জানুয়ারির বিশেষ ক্ষমতা আইনে আটক দেখানো হয়েছে। তাকে আদালতের মাধ্যমে কারাগারে প্রেরণ করা হয়েছে।

১১ জন কারাগারে, ৭ কিশোরকে উন্নয়ন কেন্দ্রে

মেহেরপুরে আটক ১৮ জন শিবির সদস্যদের মধ্যে অপ্রাপ্ত বয়স্ক হওয়ায় ৭ কিশোর সদস্যদের যশোর কিশোর উন্নয়ন কেন্দ্রে পাঠানোর নির্দেশ দিয়েছে আদালত।

রবিবার সন্ধায় মেহেরপুর দায়রা জজ আদালতে তাদের নিয়ে আসা হলে ম্যাজিস্ট্রেট এস এম আব্দুস সালাম এ আদেশ দেন। ৭ কিশোর শিবির সদস্য হলো, মেহেরপুর শহরের গড়পাড়ার মাহাবুবুল হাসানের ছেলে সৈয়দ জোবায়ের হাসান (১৫), নতুনপাড়ার লাল মিয়ার ছেলে হৃদয় (১৫), মেহেরপুর শহরের তাতিপাড়ার নুরুল ইসলামের ছেলে কামরুল ইসলাম নাহিদ (১৬), চকশ্যামনগর গ্রামের আব্দুল কুদ্দুসের ছেলে রোমান (১৪), গ্রামের বজলুর রশিদের ছেলে আবু জাফর (১৬), বন্দর গ্রামের তোরাফ আলীর ছেলে আল সাইফ, মেহেরপুর নতুন পাড়ার সেলিম রেজার ছেলে মাসুদ (১৫)।

এর আগে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট শাহিন রেজা বাকি ১১ জন প্রাপ্ত বয়স্ক শিবির সদস্যদের মেহেরপুর জেলা কারাগারে পাঠানোর নির্দেশ দেন। বাকি ১১ জন শিবির সদস্য হলো, মেহেরপুর পৌরসভার ৪,৫,৬ নং ওয়ার্ডের মহিলা কাউন্সিলর শিউলি আক্তার(৩২), মেহেরপুর ৫নং ওয়ার্ডের আব্দুর ওহাব মন্ডল এর ছেলে মেহেদী হাসান (২২), সানোয়ার হোসেন এর ছেলে সাখাওয়াত হোসেন (২২), হঠাৎ পাড়ার গিয়াস উদ্দীনের ছেলে আব্দুল্লাহ (১৮), মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামে আবুল কালামের ছেলে রাজু আহমেদ (২২), একই গ্রামের পোড়াপাড়ার আক্কাস আলির ছেলে আবুল হাসান (২২), মসজিদ পাড়ার রফিস উদ্দীন এর ছেলে মাহাবুব (১৮), আজিজুল হকের ছেলে ইকবাল হোসেন (১৮), সদর উপজেলার কামদেবপুর গ্রামে আব্দুল কুদ্দুসের ছেলে আবুল বাসার (২০), সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের আজিবার আলির ছেলে সাইদুল ইসলাম (১৯), সদর উপজেলা কোলা গ্রামের শহিদুল ইসলামের ছেলে খালিদ সাইফুল্লাহ (১৮)।

উল্লেখ্য, গত শনিবার মেহেরপুর শহরের শেখ পাড়ার একটি ভাড়া বাড়ি থেকে নাশকতার পরিকল্পনা চলাকালিন সময়ে গোয়েন্দা পুলিশের হাতে আটক হয় শিবিরের ১৮ জন সদস্য। পরে জেলা গোয়েন্দা কার্যালয়ে জিজ্ঞাসাবাদের পর আজ রবিবার তাদের আদালতে সোপর্দ করা হয়।